



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৭৯

তারিখ: ২৪ পৌষ ১৪৩১
৮ জানুয়ারি ২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়: ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে অর্থায়ন নীতিমালা, ২০২২।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অথরিটির ২৩ আগস্ট, ২০২২ তারিখের এমআরএ/সার্কুলার লেটার নং-৭৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে সক্ষমতায় বড় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (এমএফআই) কর্তৃক সক্ষমতায় ছোট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (এমএফআই)-কে অর্থায়ন নীতিমালা জারি করা হয় যাতে ৯% সার্ভিস চার্জ হারে উক্ত নীতিমালার আওতায় অর্থায়নের সুযোগ দেয়া হয়। কিন্তু বড় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের তহবিল ব্যয় (Cost of Fund) বেশি হওয়ায় নীতিমালা অনুযায়ী ৯% সার্ভিস চার্জ হারে ছোট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে অর্থায়নে আগ্রহী হচ্ছে না মর্মে জানা যায়।

৩। বর্ণিত অবস্থায়, টেকসই ও অন্তর্ভুক্তিমূলক ক্ষুদ্রঋণ সেक्टर প্রতিষ্ঠার লক্ষ্যে আলোচ্য অর্থায়নে সার্ভিস চার্জের হার ৯% এর পরিবর্তে অর্থায়নকারী প্রতিষ্ঠান এবং ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠানের পারস্পরিক সমঝোতার ভিত্তিতে ও ব্যাংক ঋণের সুদের হারের সাথে সামঞ্জস্য রেখে সার্ভিস চার্জের হার নির্ধারণপূর্বক অর্থায়নের বিষয়টি কার্যকর করার জন্য অনুরোধ করা হলো।

৪। বর্ণিত অর্থায়ন নীতিমালা, ২০২২ এর সার্ভিস চার্জের হার বাতীত অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থাকবে।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ জিব্বার রহমান)

পরিচালক

ফোন: ৮৩৩২৫৩৮।

ই-মেইল:director.lic-regu@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২৫-৬৭

তারিখ: ২৪ পৌষ ১৪৩১
৮ জানুয়ারি ২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
৬. গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. পিএস টু এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, মগবাজার, ঢাকা (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. অফিস কপি।



(মোঃ ফরিদুল হক)
যুগ্ম-পরিচালক